



শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
ISO 9001:2015, ISO 14001:2015 &
ISO 45001:2018 Certified
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ

...

সভাপতি মোঃ আব্দুস সামাদ
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
সভার তারিখ ১৫.১২.২২
সভার সময় ১১.০০ ঘটিকা
স্থান সভাকক্ষ
উপস্থিতি ...

শুদ্ধাচার/ সুশাসনের বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিসে গত ১৫/১২/২২ তারিখে কোম্পানির অংশীজনের অংশগ্রহণে শুদ্ধাচার/ সুশাসনের বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিস, বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প দপ্তরসমূহ থেকে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও, সভায় কোম্পানির অংশীজন (stakeholder) হিসেবে বহিঃসংস্থা হতে নিম্নোক্ত ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেনঃ

১	জনাব তানিয়া খান, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ
২	জনাব শৈলজা নন্দ বসাক, মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৩	জনাব মোঃ তারিকুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৪	জনাব মোঃ আবু রায়হান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৫	জনাব খন্দকার রবিউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট
৬	জনাব কাজি নওশাদ আজম, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো
৭	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো
৮	জনাব মোঃ মশিউর রহমান ভূঁইয়া, এইচএসএসই অফিসার, এসএনডব্লিউপিএল
৯	জনাব তৌফিক হাসান, সহকারী প্রকৌশলী, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ
১০	Mr Qiu Guo Quan, Project Manager, CMC
১১	জনাব হাফিজ-আল-রাশেদুল, Project Manager, Siemens Energy Bangladesh
১২	জনাব হাবিবুর রহমান, অফিসার (অপারেশন), পদ্মা অয়েল কোম্পানি লিঃ
১৩	জনাব রহিমা আক্তার হেনা, ওয়ার্ড কাউন্সিলর, খালিশপুর, খুলনা
১৪	জনাব মোসাঃ মনিজা বেগম, ওয়ার্ড মেম্বর, সয়দাবাদ ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ

আলোচনার শুরুতে, সভাপতি কোম্পানির অংশীজন হিসেবে বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ-এর পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর, অত্র কোম্পানির শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নের বিষয়ে বিশদ আলোচনা হয়। এতদবিষয়ে, জনাব তানিয়া খান, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ উল্লেখ করেন, অত্র কোম্পানির শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। তবে, ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে শুদ্ধাচার ও দুর্নীতিবিরোধী সচেতনতা বৃদ্ধির জন্য সেমিনার/ ওয়ার্কশপ এবং প্রকল্পের ২টি পিআইসি সভা দ্রুত আয়োজনের বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়াও, সকল কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি যথাযথ প্রমাণক সংগ্রহ করা ও যথাসময়ে বিদ্যুৎ বিভাগে দাখিল করার পরামর্শ প্রদান করেন।

এপর্যায়, যুগ্মসচিব মহোদয় কোম্পানির অংশীজন হিসেবে বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ-এর পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের সভায় আমন্ত্রণ জানানোর জন্য নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

এছাড়াও, জনাব খন্দকার রবিউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট- অংশীজন সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	বাস্তবায়ন লক্ষ্যমাত্রা
১	অংশীজন হিসেবে সভায় বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর পাশাপাশি ঠিকাদার, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও প্রশাসন এবং উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের আমন্ত্রণের ধারাবাহিকতা অব্যাহত রাখা।	মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র	যথাসময়
২	শুদ্ধাচার ও দুর্নীতিবিরোধী সচেতনতা বৃদ্ধির জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন করা।	মানবসম্পদ বিভাগ	৩১ ডিসেম্বর, ২০২২
৩	প্রকল্পের ২টি পিআইসি সভা আয়োজন করা।	মানবসম্পদ বিভাগ	৩১ ডিসেম্বর, ২০২২
৪	শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক যথাযথ প্রমাণক সংগ্রহ করা।	সংশ্লিষ্ট দপ্তর	নিয়মিত



মোঃ আব্দুস সামাদ
নির্বাহী পরিচালক (প্রকৌশল)

স্মারক নম্বর: ২৭.২৮.০০০০.৫০১.০৬.০০১.২০.১৫৪১

তারিখ: ৬ পৌষ ১৪২৯

২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর প্রধান (সকল), কর্পোরেট অফিস, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
- ২) প্ল্যান্ট ম্যানেজার (সকল), নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
- ৩) প্রকল্প পরিচালক (সকল), নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।



তাসদিদুল আনোয়ার

সহকারী ব্যবস্থাপক (পিএমএস)